



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ১১তম সভার
কার্যবিবরণী

তারিখ : ৩১.০৮.২০২১

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)- এর Annual Performance Agreement টিমের ১১তম সভা (ভার্চুয়াল) Zoom এর মাধ্যমে ৩১.০৮.২০২১ তারিখ রাত ৯.০০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার এবং এপিএ টিমের টিম লিডার ড. মহাঃ শফিকুল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

- ১। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য এপিএ টিম, বাউবি।
- ২। জনাব মো: হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৩। ড. এএইচএম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।
- ৪। জনাব মো: মাহবুব-উল- ইসলাম, যুগ্ম পরিচালক (পার্সোনেল-১, কর্মকর্তা) প্রশাসন বিভাগ ও সদস্য এপিএ টিম, বাউবি।
- ৫। এম এস নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বাউবি।
- ৬। এম এস মমতাজ বেগম, উপ-পরিচালক (মনিটরিং), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাউবি।

সভার শুরুতে সম্মানিত সভাপতি ড. মহাঃ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাউবি, এপিএ টিমের সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা ও সিদ্ধান্ত

এপিএ ২০২১-২০২২ এর কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে এপিএ-এর ১০তম সভার সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন স্কুল এবং বিভাগ হতে এপিএ সম্পর্কিত তথ্যাদি সহজে এবং সঠিক সময়ে পাওয়ার জন্য প্রতিটি স্কুল, বিভাগ এবং শাখা হতে মনোনীত এপিএর প্রতিনিধির নাম পাওয়া গেছে এবং সে প্রেক্ষিতে মনোনীত প্রতিনিধিদের নামের তালিকাসহ একটি অফিস আদেশ জারি করা হয়েছে মর্মে জনাব নাজনীন আখতার, ফোকাল পয়েন্ট, এপিএ টিম-সভায় সকলকে অবহিত করেন।

এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাউবিতে 'সেবা প্রদান প্রতিশ্রুতি', 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা' এবং 'তথ্য অধিকার পরিকল্পনা বাস্তবায়ন এবং অন্যান্য কার্যক্রম শুরু করার লক্ষ্যে 'সেবা প্রদান কমিটি' গঠন এবং বাউবি'র আঞ্চলিক কেন্দ্রে এবং উপ-আঞ্চলিক কেন্দ্রেসমূহের কার্যপরিধি বিবেচনায় নিয়ে প্রতিটি আঞ্চলিক কেন্দ্র এবং উপ-আঞ্চলিক কেন্দ্রে 'সেবা প্রদান সেল', 'অভিযোগ প্রতিকার সেল' এবং 'অভিযোগ বক্স' গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, এসএসএস বিভাগকে দায়িত্ব প্রদান করে পত্র প্রদান করা হয়েছে। এছাড়াও নৈতিকতা কমিটি পুনঃগঠন, 'তথ্য অধিকার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা' এবং 'বিকল্প তথ্য অধিকার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা', বাউবি'র 'অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা', আপীল কর্মকর্তা, অভিযোগ প্রতিকার পরিকল্পনা বাস্তবায়নের জন্য অনিককে সহায়তা প্রদানের জন্য কমিটি গঠনসহ অন্যান্য বিষয়সমূহ এপিএ টিমের সভাপতি ও রেজিস্ট্রার, বাউবি সভার সকল সম্মানিত সদস্য অবগত করেন।

অধিকন্তু, বাউবি'র বিভিন্ন সেবা সম্পর্কিত তথ্য প্রদানের জন্য ২৪/৭ এর একটি হট লাইন চালু এবং অন-লাইনে অভিযোগ দাখিলের নিমিত্তে বাউবি'র ওয়েব সাইটে অভিযোগ/মতামত গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, কম্পিউটার বিভাগকে পত্র প্রদান করা হয়।


NA


এপিএ ২০২১-২২ বাস্তবায়নের জন্য পরবর্তী পদক্ষেপ নির্ধারণের লক্ষ্যে গঠিত সকল কমিটি, সাব-কমিটির, সকল ডিন, পরিচালক, বিভাগীয় প্রধান, সকল স্কুল ও বিভাগের এপিএর প্রতিনিধিদের সমন্বয়ে যত দ্রুত সম্ভব একটি ওয়ার্কশপ করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

বাউবিতে সঠিকভাবে ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এপিএর লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্তে যোগাযোগকরণের সুবিধার জন্য গঠিত সকল কমিটি এবং স্কুল, বিভাগ এবং শাখার সকল প্রতিনিধিদের ইমেইল ও টেলিফোন নম্বরসহ একটি তালিকা এপিএ টিমের সকল সদস্যদের নিকট প্রেরণ করার জন্য এপিএর ফোকাল পয়েন্ট জনাব নাজনীন আখতারকে দায়িত্ব প্রদান করা হয়।

বাউবিতে এপিএ কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গঠিত সকল কমিটির তালিকা, কার্যক্রম এবং বিভিন্ন সময়ের প্রতিবেদনসমূহ বাউবির ওয়েবসাইটে আপলোড করার জন্য সকলে একমত পোষণ করেন। এবং এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (কম্পিউটার)-কে অনুরোধ জানিয়ে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৩২-০৬-২০২২
নাজনীন আখতার
যুগ্ম পরিচালক (কাউন্সিল)
ও
ফোকাল পয়েন্ট, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।


ড. মহাঃ শফিকুল আলম
রেজিস্ট্রার
এবং
টিম লিডার, এপিএ-টিম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।